

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত মে, ২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি এ কে মহিউদ্দিন আহমদ
মহাপরিচালক।
সভার তারিখ ২৩/০৫/২০২১।
সভার সময় সকাল ১০.০০ ঘটিকা।
স্থান অনলাইন সিস্টেম (জুম)।
উপস্থিতি রেকর্ডেড (সংযুক্তি ক)।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে, সংশোধনের প্রয়োজন নাই। বিগত মাসের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে জানানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপপরিচালক।
২।	বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করার জন্য সেমিনার আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বুনিয়াদি প্রশিক্ষণের মডিউল প্রণয়নের জন্য একটি কর্মশালা জুন, ২০২১ মাসের মধ্যে আয়োজনের সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। ৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ)
৩।	অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে আলোচনা করা হয়। কোন অভিযোগ পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করা হয়।	কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উপপরিচালক। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।
৪।	আগামী ৩০ মে বিপিআই এর কর্মকর্তা ও কর্মচারীদের ই-নথি বিষয়ক অনলাইন প্রশিক্ষণ ও ২ মাসব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ বিষয়ক একটি কর্মশালা আয়োজন প্রসঙ্গে আলোচনা করা হয়।	প্রশিক্ষণ ও কর্মশালা যথাসময়ে আয়োজন করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সকল বৈজ্ঞানিক কর্মকর্তা

৫।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিপিআই এর কর্মকর্তা ও কর্মচারীদের প্রণোদনা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। সর্বোচ্চ ১০ হাজার টাকা এবং ফ্রেন্ট প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।	আগামী ৩১ মে, ২০২১ এর মধ্যে প্রণোদনা প্রদান করতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সকল বৈজ্ঞানিক কর্মকর্তা। ৪। সকল সহকারী পরিচালক।
৬।	ই-নথির ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। এখন প্রায় ৮০% কাজ ই-নথিতে করা হয়। পর্যায়ক্রমে ১০০% এ আনা হবে বলে আশা প্রকাশ করা হয়।	ই-নথির ব্যবহার অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল কর্মকর্তা ও কর্মচারী।
৭।	ইন্টারনেট/টেলিফোন ও বিদ্যুৎ বিল যথাসময়ে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, বিদ্যুৎ খরচ কমানোর জন্য সাশ্রয়ী হওয়ার বিষয়ে সভাপতি বিশেষ নির্দেশনা দেন।	১। সময়মত ইউটিলিটি বিল পরিশোধের ব্যবস্থা চালু রাখতে হবে। ২। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।	সকল কর্মকর্তা ও কর্মচারী।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ কে মহিউদ্দিন আহমদ
মহাপরিচালক।

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.১৬

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮

২৭ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [দৃ: আ: উপসচিব, প্রশাসন-২ অধিশাখা],
- ২) পরিচালক (যুগ্ম সচিব), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং, আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৬) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৭) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৮) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৯) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ১০) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ১৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ১৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন, প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ১৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



এ কে মহিউদ্দিন আহমদ
মহাপরিচালক